



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

(iii.নধংরংধষনডধৎফ.মড়া.নফ)

স্মারক নং বশিবো/পনি/এসএসসি/২০১৭/১৩৯৯

তারিখঃ ০৫ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

এসএসসি পরীক্ষা-২০১৭ এর সময় বিভাজন

কেন্দ্রসচিব, শিক্ষক, অভিভাবক ও পরীক্ষার্থীগণের জন্য জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট কেন্দ্রসচিব, শিক্ষক, অভিভাবক ও পরীক্ষার্থীগণকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় নিম্নরূপ সময় অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক। সকাল ১০.০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে:

সকাল ০৯.২৫ মি. পরীক্ষার্থীগণের আসন গ্রহণ।

সকাল ০৯.৩০ মি. দায়িত্বপ্রাপ্ত কক্ষ পরিদর্শকগণ কক্ষে প্রবেশ করে পরীক্ষার্থীগণের মধ্যে অলিখিত উত্তরপত্র এবং ও এম আর বিতরণ।

সকাল ০৯.৩৫ মি. হাজিরা শিটে পরীক্ষার্থীগণের স্বাক্ষর গ্রহণ (হাজিরা শিটের উপরের তথ্যাবলী পরীক্ষা কমিটি পূর্বেই পূরণ করে রাখবেন)।

সকাল ১০.০০ টায় বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ।

সকাল ১০.৩০ মি. বহুনির্বাচনি উত্তরপত্র সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ (২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে এ সময় ১০.২৫ মি.)।

খ। দুপুর ০২.০০ টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে:

দুপুর ০১.২৫ মি. পরীক্ষার্থীগণের আসন গ্রহণ।

দুপুর ০১.৩০ মি. দায়িত্বপ্রাপ্ত কক্ষ পরিদর্শকগণ কক্ষে প্রবেশ করে পরীক্ষার্থীগণের মধ্যে অলিখিত উত্তরপত্র এবং ও এম আর বিতরণ।

দুপুর ০১.৩৫ মি. হাজিরা শিটে পরীক্ষার্থীগণের স্বাক্ষর গ্রহণ (হাজিরা শিটের উপরের তথ্যাবলী পরীক্ষা কমিটি পূর্বেই পূরণ করে রাখবেন)।

দুপুর ০২.০০ টায় বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ।

দুপুর ০২.৩০ মি. বহুনির্বাচনি উত্তরপত্র সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ (২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে এ সময় ০২.২৫ মি.)।

arunkgain
18.1.17

প্রফেসর মোঃ আনোয়ারুল আজিম-৯৭৭২

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

ফোন : ০৪৩১-৬৪০৮৫

ই-মেইলঃ arunkgain@gmail.com